দৈনিক ইত্তেফাক

তারিখ 29 NOV 1992
পৃষ্ঠা ৭ কলাম ৮

24

রাকসু নির্বাচন

# রিটার্নিং অফিসারের অফিসে তালা

রাজশাহী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ ২রা ডিসেম্বর অনুষ্ঠিতব্য রাকসু নির্বাচন স্থগিত করিয়া নয়া তফসিল ঘোষণার দাবীতে জাতীয়তাবাদী ছাত্রদল গতকাল (শনিবার) সকালে রিটার্নিং অফিসারের অফিসে তালা ঝুলাইয়া দিয়াছে। ছাত্রদল ১লা ও ২রা ডিসেম্বর ক্যাম্পাসে ছাত্র ধর্মঘটও আহ্বান

(৭ম পৃ: ৪-এর ক: দ্র:)

## রাকসু নির্বাচন

( ১ম পৃ: পর )

করিয়াছে। ছাত্র দলের ঘোষিত কর্মসূচীর সমর্থনে গতকাল ক্যাম্পাসে মিছিল বাহির করা হয়। শেষে শহীদুল্লাহ কলাভবন করিডোরে এক পথসভায় মো: হারুনুর রশিদ বাহাউদ্দিন বাহার প্রমুখ বক্তৃতা করেন।

নির্বাচন স্থগিত করার দাবীতে ছাত্রদলের কর্মসূচীর নিন্দা করিয়া বিভিন্ন ছাত্র সংগঠন গতকাল ক্যাম্পাসে মিছিল ও সমাবেশ করে। সংগঠনগুলি হইতেছে—ছাত্রমৈত্রী, ছাত্রলীগ (ম-ই), ছাত্রলীগ (বা-কা), ছাত্র ইউনিয়ন ও ইসলামী ছাত্র শিবির। এই সকল ছাত্র সংগঠন অভিযোগ করে, কর্তৃপক্ষের দায়িত্বহীনতা পরিস্থিতিকে সহিংসতার দিকে ঠেলিয়া দিতেছে।

এদিকে রাকসুতে ছাত্র ইউনিয়নের "আলমগীর-মোস্তফা" প্যানেলের পরিচিতি সভা গতকাল সকালে প্রশাসনিক ভবনের পশ্চিম চত্বরে অনুষ্ঠিত হয়।